গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০২.১৪. ৫১৮ তারিখ: ১৪/১২/২০২৫ খ্রিঃ।

বিষয়ঃ ইম্পালা বাংলাদেশ লিমিটেড এর আমদানি প্রাপ্যতা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন/সফটওয়্যারে আপলোডকরণ প্রসংগে।

সূত্রঃ মেসার্স ইম্পালা বাংলাদেশ লিঃ এর ২৬.১১.২০২৫ খ্রিঃ তারিখের আবেদন।

সূত্রোক্ত পত্রের মাধ্যমে মেসার্স ইম্পালা বাংলাদেশ লিঃ নামক প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নির্ধারিত আমদানি প্রাপ্যতা সংক্রান্ত প্রজ্ঞাপন নং- ১১১/২০২৫/কাস্টমস/৩৮০, তারিখ: ০৯/১০/২০২৫ খ্রি. জাতীয় রাজস্ব বোর্ডের Website এ সংযোজন করার জন্য অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৭/১২/২০২৫

সংযুক্তিঃ বর্ণনামতে.........পাতা।

[সুরাইয়া সুলতানা]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

প্রাপকঃ
সিস্টেম ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০২.১৪ তারিখ: ১৪/১২/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, ইম্পালা বাংলাদেশ লিঃ, ইম্পালা বাংলাদেশ লিঃ, বাড়ি নং-০৬, রোড নং-১০, ব্লক নং-এইচ, ফ্লাট নং- সি-৫, বনানী, ঢাকা- ১২১৩।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

[সুরাইয়া সুলতানা]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

F:\mursheda\Head-04\Letter\04.002.14.docx

IMPALA **IMPALA BANGLADESH LIMITED**

তারিখ : ২৬ /১১/২০২৫ ইং

জাতীয় রাজস্ব বোর্ড
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)
ইস্যু নম্বরঃ
তারিখঃ
সময়ঃ
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
প্রথম সচিব (কাস্টমস: অব্যাহতি ও প্রকল্প সুবিধা)
প্রথম সচিব (কাস্টমস: মামলা ও বিরোধ নিষ্পত্তি)
প্রথম সচিব (কাস্টমস: গোয়েন্দা ও নিলাম)
দ্বিতীয় সচিব (কাস্টমস: বন্ড/কাস্টমস: অব্যাহতি/কাস্টমস: মামলা/কাস্টমস: নিলাম)
নথিভুক্ত করুন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে উপস্থাপন করুন
আলোচনা করুন
সদস্য
(কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)

বরাবর
সদস্য (শুল্ক, রপ্তানি, বন্ড ও আইটি )
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাও, ঢাকা ।

ডায়েরী নং
তারিখ
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

দৃষ্টিআকর্ষণ ০ঃ সিস্টেম ম্যানেজার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

**বিষয় : ইম্পালা বাংলাদেশ লিমিটেড এর আমদানি প্রাপ্যতা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোম্যাটিক বন্ড অটোমেশন/ সফটওয়্যারে আপলোড করন প্রসঙ্গে ।**

**সুত্র ০ঃ ১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ১১১/২০২৫ কাস্টমস/৩৮০। তারিখ ০ঃ ০৯, অক্টোবর ২০২৫ খ্রি।**
**২) বাংলাদেশ সরকারী মুদ্রণালয় কর্তৃক প্রকাশিত বাংলাদেশ গেজেট ১ম খণ্ড তারিখ ০ঃ ৩০ অক্টোবর, ২০২৫ খ্রি।**

ডাইরী নং
তারিখঃ
দিঃ সঃ (বন্ড রপ্তানি ও ব
জাঃ রাঃ বোঃ, ঢাক

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানাচ্ছি যে, আমাদের প্রতিষ্ঠান মেসার্স ইম্পালা বাংলাদেশ লিমিটেড কে সূত্রোক্ত ০১ নং আদেশের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ১৫,০০০ (পনের হাজার) মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা প্রদান করেছেন এবং সূত্রোক্ত ০২ নং কর্তৃক বাংলাদেশ সরকারী মুদ্রণালয় উক্ত আমদানি প্রাপ্যতা বাংলাদেশ গেজেট ১ম খণ্ড তারিখ ০ঃ ৩০ অক্টোবর, ২০২৫ খ্রি। প্রকাশ করেছেন (কপি সংযুক্ত) কিন্তু আমদানি প্রাপ্যতার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোম্যাটিক বন্ড অটোমেশন/ সফটওয়্যারে আপলোড করা হয়নি। আমদানি প্রাপ্যতার আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোম্যাটিক বন্ড অটোমেশন/ সফটওয়্যারে আপলোড ও হালনাগাদ না থাকার জন্য আমদের পণ্য সমুহ কাস্টমস হাউস থেকে খালাস করতে পারবোনা। তাই আমদানি প্রাপ্যতার আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোম্যাটিক বন্ড অটোমেশন/ সফটওয়্যারে আপলোড ও হালনাগাদ করা খুবই জরুরী।

এমতবস্থায়, মহোদয়ের সমীপে আমাদের আমদানি প্রতিষ্ঠানের প্রাপ্যতার আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও ডিপ্লোম্যাটিক বন্ড অটোমেশন/ সফটওয়্যারে আপলোড ও হালনাগাদ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত

(ওয়াসিফ হোসেন)
ব্যাবস্থাপনা পরিচালক

Mailing Address : House No.06, Road No.10, Block-H, Flat C-5, Banani,Dhaka-1213, Bangladesh.
Tel : +8802 55042434, 55042279, 55042423, Fax : +88(02) 55042280, E-mail : impala.bangladesh@...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**[প্রজ্ঞাপন]**

**তারিখ: ২৪ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৯ অক্টোবর, ২০২৫।**

**আদেশ নং - ১১১/২০২৫/কাস্টমস/৩৮০।** কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক আখাউড়া ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ায় অবস্থিত মেসার্স ইম্পালা বাংলাদেশ লিমিটেড [বন্ড লাইসেন্স নং-০২/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৯, তারিখ: ১৫/০৯/২০১৯ খ্রি.] নামীয় শুল্ক মুক্ত বিপণী (Duty Free Shop) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১৫,০০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ০ |
| **সর্বমোট** | | **১৫,০০০.০০ (পনের হাজার) মার্কিন ডলার** |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে-**

স্বা:-
**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
**(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশিতব্য)**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০৪.০০২.১৪/**৩৮০** (২১)

তারিখ: ০৯/১০/২০২৫ খ্রি.।

**অনুলিপি; সদয় অবগতি ও কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১-০৬। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর), ঢাকা।
০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা।
০৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
০৯। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১০। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১১। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, মেসার্স ইম্পালা বাংলাদেশ লিমিটেড, আখাউড়া ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ায়।
১২-১৩। অফিস কপি/গার্ড কপি।

৯/১০/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৫ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩০, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৪৫—৯৫৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪১—১৩৫৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৯—৪৯৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩২৫—১৩৫১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইনও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩২/০৮ অক্টোবর ২০২৫

নং ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২৫-২৬৮—যেহেতু, চুয়াডাঙ্গা জেলার জীবন নগর সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে সাব-রেজিস্ট্রার, হাতিয়া, নোয়াখালী] জনাব নুরুল ইসলাম-এর বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলার জীবন নগর সাব- রেজিস্ট্রার অফিসে কর্মরত থাকাকালে তাকে জেলা রেজিস্ট্রার কার্যালয়, চুয়াডাঙ্গা-এর গত ১০-০৪-২০২৫ খ্রি. তারিখের ১৩২(৭) নং স্মারকমূলে সদর সাব-রেজিস্ট্রার অফিস, চুয়াডাঙ্গা-এর দায়িত্বভার গ্রহণসহ সপ্তাহে দুই দিন উক্ত অফিসে অতিরিক্ত দায়িত্ব পালনের নির্দেশ দেওয়ার পর তিনি সদর সাব-রেজিস্ট্রার কার্যালয়, চুয়াডাঙ্গা-এর গত ১৩-০৪-২০২৫ খ্রি. তারিখের ২৩৪ (১০) নং স্মারকপত্রমূলে সদর সাব-রেজিস্ট্রার অফিস, চুয়াডাঙ্গা-এর দায়িত্বভার গ্রহণ করেও গত ২৪-০৪-২০২৫ খ্রি. পর্যন্ত ০৯ কার্যদিবসে একদিনও উক্ত কার্যালয়ের দায়িত্ব পালন করেননি এবং এবং সেবা গ্রহীতাদের জন্য কোনো নোটিশ প্রচার কিংবা দায়িত্ব পালনে অপারগতা সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করেননি মর্মে জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা, কর্তৃক উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর অভিযোগে ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব নুরুল ইসলাম কর্তৃক গত ৩১-০৭-২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলের পর গত ১০-০৯-২০২৫ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং তার দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা এর গত ১০-০৪-২০২৫ খ্রি. তারিখের ১৩২(৭) নং স্মারকমূলে জারীকৃত আদেশের আলোকে সাব- রেজিস্ট্রি অফিস, সদর, চুয়াডাঙ্গায় দায়িত্ব পালন করেননি;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## জাতীয় রাজস্ব বোর্ড

### [ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/০৯ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ১১১/২০২৫/কাস্টমস/৩৮০।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব কর্তৃক আখাউড়া ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়ায় অবস্থিত মেসার্স ইস্পালা বাংলাদেশ লিমিটেড [বন্ড লাইসেন্স নং-০২/কাস-প্রিবিডব্লিউ/আখাউড়া/২০১৯, তারিখ: ১৫০৯/২০১৯ খ্রি.] নামীয় শুল্ক মুক্ত বিপনী (Duty Free Shop) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১৫,০০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ০ |
| ০৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ০ |
| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
| ০৪ | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | |
| | সর্বমোট | ১৫,০০০.০০ (পনের হাজার) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুরাইয়া সুলতানা
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## সমাজকল্যাণ মন্ত্রণালয়

### প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২/14 অক্টোবর ২০২৫

নং ৪১.০০.০০০০.০২০.২৭.০০৯.২৪-২৪৩—যেহেতু, জনাব মিয়া মঞ্জুর-এ এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা (সাবেক সমাজসেবা অফিসার, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা) এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ আনয়ন করা হয়;

০২। যেহেতু, জনাব মিয়া মঞ্জুর-এ এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে ০৬/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হয় (স্মারক-৪১.০০.০০০০.০২০.২৭.০০৯.২৪-২৬৬, তারিখ: ২৮-১১-২০২৪);

০৩। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তিনি জবাব দাখিলকরতঃ ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ২৩ মার্চ ২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণের পর তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মদ সেলিম হোসেন, সিনিয়র সহকারী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২০.২৭.০৯.২৪-৮৬, তারিখ: ২৩ মার্চ ২০২৫);

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোহাম্মদ সেলিম হোসেন, সিনিয়র সহকারী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মিয়া মঞ্জুর-এ-এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) মোতাবেক আনীত অভিযোগসমূহের মধ্যে তৎকালীন ফিল্ড সুপাভাইজার জাওয়াতা আফনান mis.bhata.gov.bd এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে কাজ করলেও অভিযুক্ত জনাব মিয়া মঞ্জুর-এ এলাহী মোঃ আল-আমিন তাঁর অদক্ষতা ও দায়িত্ববোধকে এড়িয়ে যেতে পারেন না। এছাড়া অভিযুক্ত এ বিষয়ে তার উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করেননি, ২০২৩-২০২৪ অর্থবছরে তৃতীয় কিস্তিতে পে-রোল না আসা শিক্ষার্থী ৪৮০ জনের অনুকূলে প্রেরিত ২য় কিস্তির অর্থ নগদের এজেন্ট এর সাথে যোগসাজসে আত্মসাৎ করেছেন মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু অফিস পরিচালনার জন্য ২০২৩-২০২৪ অর্থবছরের অর্থ থেকে তিনি সিংহভাগই (প্রশিক্ষণ না করে বরাদ্দকৃত অর্থ উত্তোলন, পিপিআর অনুযায়ী কম্পিউটার ও আসবাবপত্র ক্রয় না করে অর্থ উত্তোলন, ইত্যাদি) আত্মসাৎ হয়েছে মর্মে প্রতীয়মান হয়, যথাযথ বিধি মেনে প্রতিবন্ধী ব্যক্তিকে শনাক্ত করার বিষয়ে অভিযুক্ত কর্মকর্তা কোনো নথিপত্র উপস্থাপন করতে পারেননি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে;

০৫। যেহেতু, জনাব মিয়া মঞ্জুর-এ এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ ও অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তা জনাব মোহাম্মদ সেলিম হোসেন, সিনিয়র সহকারী সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনান্তে দেখা যায়, জনাব মিয়া মঞ্জুর-এ-এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ" সম্পর্কিত অভিযোগের সত্যতা রয়েছে এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী বিধিমালায় লঘু দণ্ডের যোগ্য;

০৬। সেহেতু, সার্বিক ঘটনার প্রেক্ষাপট ও অপরাধের গুরুত্ব বিবেচনায় জনাব মিয়া মঞ্জুর-এ-এলাহী মোঃ আল-আমিন, উপজেলা সমাজসেবা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (খ) বিধি